# AKASHVANI KOLKATA

## RNU: KOLKATA

## Bengali Text Bulletin

**Date 24-09-2026** **Time: 1.40 PM**

কলকাতার নিউটাউনে বেঙ্গল সিলিকন ভ্যালিতে ৫১ একর জমিতে প্রস্তাবিত ২'হাজার শয্যা বিশিষ্ট হাসপাতাল- 'আদানি আরোগ্য মন্দির'-এর শিলান্যাস হয়েছে। উপস্থিত ছিলেন মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী ও আদানি গোষ্ঠীর কর্ণধার গৌতম আদানী।

অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী বলেন, দেশে এর আগে এ'ধরণের হাসপাতাল তৈরী করা হয়নি। প্রস্তাবিত এই হাসপাতালের এক হাজার শয্যা, দরিদ্র ও দুঃস্থ মানুষদের জন্য সংরক্ষিত থাকবে। বাকি অর্ধেক শয্যা, বাণিজ্যিকভাবে ব্যবহার করা হবে। রোগীদের সঙ্গে থাকা পরিজনদের জন্য'ও বিশেষ ব্যবস্থা রাখা হবে। এছাড়াও, এখানে একটি মেডিক্যাল কলেজ এবং উন্নত মানের গবেষণাগার থাকবে।

( বাইট- শুভেন্দু )

শিল্পপতি গৌতম আদানি বলেন, পশ্চিমবঙ্গ বিভিন্ন দিক দিয়ে সম্ভাবনাময়। সেই সম্ভাবনাকে বাস্তবের রূপ দিতে তারা দৃঢ় সংকল্পবদ্ধ। শুধু ব্যবসায়িক লাভ নয়, মানুষের সেবার উদ্দেশে এই হাসপাতালটি নির্মিত হচ্ছে। রাজ্যের বিভিন্ন ক্ষেত্রে তারা এক লক্ষ কোটি টাকা বিনিয়োগ করবেন।

( বাইট- আদানি )

অনুষ্ঠানে, ঐতিহ্যবাহী রাইটার্স বিল্ডিং সংস্কার ও দুর্গাপুজো নিয়ে রাজ্য সরকারের সঙ্গে আদানি গোষ্ঠীর দুটি সমঝোতা পত্র সাক্ষর হয়েছে।

----------------

'অল ইন্ডিয়া তৃণমূল কংগ্রেসে'র প্রতীক, দলের দুই গোষ্ঠীর মধ্যে কারা পাবে, সে ব্যাপারে নির্বাচন কমিশনকে দ্রুত সিদ্ধান্ত গ্রহণ করতে বলেছে সুপ্রিমকোর্ট। প্রধান বিচারপতি সূর্যকান্ত, বিচারপতি জয়মাল্য বাগচি ও বিচারপতি ভি মোহানার বেঞ্চ এদিন

"শিবসেনা" মামলার কথা মনে করিয়ে দিয়ে অহেতুক দেরি না করার পরামর্শ দিয়েছে। আগামী সপ্তাহে এই মামলার ফের শুনানি হবে। সিদ্ধান্ত নিতে নির্বাচন কমিশনের কতদিন সময় লাগতে পারে, তা' কমিশনকে জানাতে হবে আগামী সপ্তাহে।

এদিকে, দুই কেন্দ্রের উপনির্বাচনের আগে ISF-এর প্রতীক কেড়ে নেওয়ায় কলকাতা হাইকোর্ট ক্ষোভ প্রকাশ করেছে। বিচারপতি কৃষ্ণা রাও প্রশ্ন তোলেন, চার মাস আগে ISF যে প্রতীক ব্যবহার করেছে, কেন সেটি অন্য দলকে দেওয়া হল। তিনি সেই বিষয়ে কমিশনের বক্তব্য জানতে চেয়েছেন।

অন্যদিকে, নন্দীগ্রাম উপনির্বাচনে কংগ্রেস প্রার্থী মিলন প্রধানকে খেজুরির ২০০৭ সালের একটি মামলায় 'শোন অ্যারেস্ট' দেখানোয় উষ্মা প্রকাশ করেছেন, কলকাতা হাইকোর্টের বিচারপতি সৌগত ভট্টাচার্য। তিনি বলেন, ২২'তারিখ আদালত মৌখিক নির্দেশ দিয়েছে, ১২'ই অক্টোবর পর্যন্ত তাঁকে কোনো নতুন মামলায় গ্রেপ্তার করা যাবে না। ওই দিন আদালতকে খেজুরির এই মামলাটির বিষয়ে জানানো হয়নি। বিচারপতি, কংগ্রেস প্রার্থীকে নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করার ক্ষেত্রে কোন সমস্যা যাতে না হয়, সেই বিষয়টির'ও উল্লেখ করেন।

---------------

উত্তর ২৪ পরগনার নৈহাটীর ধৃত তৃণমূল কংগ্রেস শ্রমিক নেতা বিষ্ণু অধিকারীকে আজ ব্যারাকপুর আদালতে তোলা হবে। উল্লেখ্য গতকাল মধ্যপ্রদেশের ইন্দোর থেকে গ্রেপ্তার করা হয়েছে। তার বিরুদ্ধে তোলাবাজি এবং অন্যের বাড়ি দখলের অভিযোগ রয়েছে।

---------------

কলকাতার এসএসকেএম হাসপাতালের বহির্বিভাগের টিকিট জাল করে রোগীদের পরিবারের কাছে বিক্রির অভিযোগে তিনজনকে গ্রেফতার করেছে ভবানীপুর থানার পুলিশ। ধৃতদের নাম আসাদ আলী, মহম্মদ সাহিদ এবং ভিহিদ আহমেদ।

হাসপাতালের বহির্বিভাগের টিকিট কাউন্টারে রোগী এবং তাঁদের পরিবারের সদস্যদের দীর্ঘক্ষণ লাইনে দাঁড়িয়ে থাকতে হয়। সেই সুযোগকেই কাজে লাগিয়েই জালিয়াতি করার অভিযোগ।

---------------

পুজোর আগেই সরকারি কর্মচারীদের ৭ বছরের বকেয়া মহার্ঘ ভাতা এককালীন মিটিয়ে দেওয়ার সিদ্ধান্ত নিয়েছে রাজ্য সরকার। ২০০৮ এর ১ এপ্রিল থেকে ২০১৫-র ৩১শে ডিসেম্বর পর্যন্ত বকেয়া মহার্ঘভাতার অর্থ চলতি মাসেই দেওয়া হবে বলে অর্থ দপ্তর এক নির্দেশিকায় জানিয়েছে।

গ্রুপ 'এ', 'বি' ও 'সি' কর্মীদের বকেয়া ডিএ সরাসরি জেনারেল প্রভিডেন্ট ফান্ড বা জিপিএফ অ্যাকাউন্টে জমা পড়বে। এই টাকা ২০২৮ সালের ৩১ মার্চের পরই তোলা যাবে। সংশ্লিষ্ট কর্মীর অবসর, মৃত্যু বা পদত্যাগের মতো বিশেষ পরিস্থিতিতে নিয়ম শিথিল করা হবে। যাদের অবসর নেওয়ার তিন মাস বাকি রয়েছে, তাদের ক্ষেত্রে এই অর্থ, সরাসরি ব্যাংক একাউন্টে চলে যাবে। **গ্রুপ 'ডি' কর্মীদের প্রাপ্য অর্থ সরাসরি ব্যাঙ্ক অ্যাকাউন্টে জমা দেওয়া হবে।**

এর আগে চলতি বছরে ৩১ মার্চ সরকারি কর্মীদের ২০১৬-র জানুয়ারি থেকে ২০১৯-এর ৩১ ডিসেম্বর পর্যন্ত বকেয়া মহার্ঘ ভাতা একই নিয়মে দিয়ে দেওয়া হয়েছিল।

রাজ্য সরকারের অবসরপ্রাপ্ত কর্মীদের এর আগেই ২০০৮ থেকে ২০১৯ পর্যন্ত বকেয়া মহার্ঘ ভাতার অর্থ ইতিমধ্যেই দিয়ে দেওয়া হয়েছে। এমনকি পারিবারিক পেনশন প্রাপকরাও এই অর্থ পেয়েছেন।

---------------

আসন্ন উৎসবের মরশুমের আগে পশ্চিমবঙ্গে পেঁয়াজের জোগান স্বাভাবিক রাখতে বিশেষ উদ্যোগ নিয়েছে কেন্দ্রীয় সরকার। মূল্য স্থিতিশীলতা তহবিলের মজুত ভাণ্ডার থেকে পেঁয়াজ নিয়ে 'কান্দা এক্সপ্রেস', আজ কলকাতা পৌঁছাবে। কেন্দ্রীয় উপভোক্তা

বিষয়ক, খাদ্য ও গণবণ্টন মন্ত্রক জানিয়েছে, এই ট্রেনের মাধ্যমে দ্রুত বিপুল পরিমাণ পেঁয়াজ পৌঁছানোর ফলে কলকাতা ও সংলগ্ন জেলাগুলিতে জোগান আরও মজবুত হবে।

---------------

কোচবিহারের তল্লিগুড়ি কাঠালতলা এলাকায় একটি বাড়িতে অভিযান চালিয়ে বিপুল পরিমাণ নেশার কাজে ব্যবহৃত কফ সিরাপ ও ক্যাপসুল উদ্ধার করল কোতোয়ালি থানার পুলিশ। উদ্ধার হয়েছে ৭৪৭ বোতল অবৈধ কাফ সিরাপ এবং ৪৯ হাজার ২৪৮টি নেশার কাজে ব্যবহৃত ক্যাপসুল। এছাড়াও বেশ কয়েকটি মোবাইল ফোন উদ্ধার করা হয়।

ঘটনায় দু'জনকে গ্রেফতার করেছে পুলিশ। উদ্ধার হওয়া সামগ্রী বাজেয়াপ্ত করে NDPS আইনে মামলা রুজু হয়েছে।

---------------

অতি গভীর নিম্নচাপটি উপকূল অতিক্রম করে উত্তর উপকূলীয় অন্ধ্রপ্রদেশের উপর অবস্থান করছে। রাত একটা নাগাদ এটি কলিঙ্গপত্তনম এর দক্ষিণ-পশ্চিম দে স্থলভাগে প্রবেশ করে। সে সময় বাতাসের গতিবেগ ছিল ঘন্টায় ৫৫ থেকে ৬৫ কিলোমিটার যা কখনও কখনও ৭৫ পর্যন্ত হয়। এটি অতি গভীর নিম্নচাপ হিসেবে আগামী ১২ ঘণ্টায় ধীরে ধীরে উত্তর-পশ্চিম দিকে অগ্রসর হবে এবং পরবর্তী ২৪ ঘন্টায় তা ধীরে ধীরে শক্তি ক্ষয় করবে। একটি প্রতিবেদন –

ভয়েসকাস্ট

--------------- ---------------